গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhet.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০০০.০০৬.১১.০০০১.২৫.৩৭৫ তারিখ: ০৩ পৌষ ১৪৩২ / ১৮ ডিসেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে **সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে** Online-এ (http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। Online ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০১(এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিট বাংলায় ন্যূনতম ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ২ | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২(দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিট বাংলায় ন্যূনতম ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |

## শর্তাবলি:

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তির ০১ নম্বর ক্রমিকের কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) পদ পূরণে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা, ২০১৯ এবং ০২ নম্বর ক্রমিকে সার্টিফিকেট সহকারী (গ্রেড-১৬) পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

৩। প্রার্থীর বয়স আগামী ৩১/০১/২০২৬ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। সকল পদের নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবে।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

৬। আবেদনকারীকে তার অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৭। সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/অনাপত্তিপত্র/কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের বিবরণ নিম্নরূপ:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(খ) সকল প্রত্যয়নপত্র/অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

(গ) সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলার/পৌরসভার মেয়র/প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।

(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।

(ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা, শহিদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

(জ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলার/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

(ঝ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/সনদপত্র।

৯। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩০/১২/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/০১/২০২৬ খ্রি. তারিখ রাত ১২:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের Applicant's কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ও ভ্যাট ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরতযোগ্য) এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ও ভ্যাট ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষা ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS: DCSYLHET<space>User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCSYLHET ABCDEF send to 16222.**

Reply: Applicant's Name, TK. 112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCSYLHET Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: DCSYLHET<space>Yes<space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DCSYLHET Yes 12345678 send to 16222.**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCSYLHET. Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcsylhet.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ঝ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) Use ID জানা থাকলে :**

**DCSYLHET<space>Help<space>User<space>User ID** & Send to 16222.

Example: **DCSYLHET Help User ABCDEF** & Send to 16222.

**(ii) PIN Number জানা থাকলে:**

**DCSYLHET<space>Help<space>PIN<space>PIN Number** & Send to 16222.

Example: **DCSYLHET Help PIN 12345678** & Send to 16222.

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ওয়েবসাইট www.Sylhet. gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dcsylhet ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhet.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.Query@tetetalk.com.bd বা info@dcsylhet.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর Subject-এ Organization Name: DCSYLHET, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিশেষ দ্রষ্টব্য : **শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ প্রদান করা হলো।**

১৮/১২/২৫

মো: সারওয়ার আলম
জেলা প্রশাসক
সিলেট
ফোন: ০২৯৯৬৬৮৭১১৭
ইমেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০০০.০০৬.১১.০০০১.২৫.৩১৫/১(১১০)

তারিখ: ০৩ পৌষ ১৪৩২ / ১৮ ডিসেম্বর ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল।

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।

৩। জেলা প্রশাসক,................................................ (সকল)।

৪। পুলিশ সুপার, সিলেট।

৫। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, সিলেট।

৬। সিভিল সার্জন, সিলেট।

৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।

৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট। বিজ্ঞপ্তিটি বেতারের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। উপজেলা নির্বাহী অফিসার, ........................................................ (সকল), সিলেট।

১১। সহকারী কমিশনার (ভূমি),........................................ (সকল), সিলেট।

১২। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি জেলার ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১৪। নোটিশ বোর্ড।

১৫। অফিস কপি।

মো: সারওয়ার আলম
জেলা প্রশাসক
সিলেট